মনোনয়নের জন্য বিগ অ্যাপেল সিটিওয়াইড উন্মুক্ত আহ্বান
আজ একজন শ্রেষ্ঠ শিক্ষককে মনোনীত করুন!

মহান শিক্ষকেরা জীবনে পরিবর্তন আনেন। তারা তাদের শিক্ষার্থীদের দুয়ার উন্মুক্ত করেন এবং সাফল্যের পথে নিয়ে যান। নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন আমাদের দ্বিতীয় বার্ষিক ***বিগ অ্যাপেল পুরস্কার শুরু করতে যাচ্ছে: এই আয়োজনের মাধ্যমে নিউ ইয়র্ক সিটির শ্রেষ্ঠ শিক্ষক অনুসন্ধান করা হবে*** যা আমাদের কিছু শ্রেষ্ঠ এবং মেধাবী শিক্ষকের মহ□ কাজের স্বীকৃতি স্বরূপ। আমরা ঐসব শিক্ষক খুঁজবো যারা শিক্ষার্থীদের উৎসাহ প্রদান করেন, যারা চমৎকার শিক্ষাদানের মডেল, এবং তাদের স্কুল কম্যুনিটিকে সমৃদ্ধও করেন।

৭৫,০০০ বেশি শিক্ষক নিউ ইয়র্ক সিটির ১.১ মিলিয়ন শিক্ষার্থীর জীবনে ভিন্নতা আনছে। এই সুযোগটি নিয়ে যে শিক্ষকটি আপনার জীবনে ভিন্নতা এনেছে তাকে স্বীকৃতি প্রদানে আপনি সহায়তা করতে পারেন। আপনার মনোনয়নের ভিত্তিতে, **জুন মাসে নিউ ইয়র্ক সিটির মোট ১০ জন অসাধারণ শিক্ষক ২০১৪ বিগ অ্যাপেল পুরস্কার লাভ করবেন।** যারা এই পুরস্কার পাবেন তারা তাদের শিক্ষার্থী এবং স্কুলের জন্য ক্লাসরুম অনুদানও লাভ করবেন এবং ২০১৪-১৫ স্কুল বছরে সিটিওয়াইড দূত হিশেবে কাজ করার পাশাপাশি তারা তাদের ক্লাসরুমও চালিয়ে যাবেন।

কে যোগ্য?

বর্তমান,পূর্ণ-কালীন নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন এবং চার্টার স্কুলের শিক্ষকগণ যারা নিচে উল্লিখিত ক্ষেত্রে ব্যাতিক্রমী সাফল্য প্রদর্শন করেছেন: **শিক্ষার্থীদের শিক্ষণ + শিক্ষা-সংক্রান্ত অনুশীলন + পেশাগত দায়িত্ব পালনে বিরাট অবদান রেখেছেন** এমন শিক্ষকগণ।

শিক্ষার্থীদের শিক্ষণে অভিঘাত রেখেছেন	শিক্ষা-সংক্রান্ত অনুশীলনে ব্যতিক্রমী	পেশাগত দায়িত্বপালনে অসাধারণ
শিক্ষার্থীদের অ্যাকাডেমিক, সামাজিক, এবং আচরণগত অসাধারণ অর্জনে কঠোর, মানসম্মত লক্ষ্য নির্ধারণ করেছেন এবং তা ছাড়িয়ে গেছেন এমন শিক্ষকগণ। যারা অনুশীলনের তথ্য হিশেবে শিক্ষার্থী সাফল্যের উপাত্ত ব্যবহার করেন।	উচ্চ প্রত্যাশা রক্ষা করেন এবং কঠোর শিক্ষণ অভিজ্ঞতায় সকল শিক্ষার্থীকে সংশ্লিষ্ট রাখতে বিভিন্ন শিক্ষা পদ্ধতি ব্যবহার করেন।	ক্লাসরুমের ভিতরে এবং বাইরে সহকর্মীদের মাঝে এবং বৃহত্তর স্কুল কম্যুনিটিতে নেতৃত্বদানের যোগ্যতা প্রদর্শন করেন। শিক্ষার্থীদের সংশ্লিষ্ট রাখতে অবিরাম প্রচেষ্টা অব্যাহত রাখেন।

কীভাবে এটি কাজ করে?

- যেকোন - শিক্ষার্থী, পিতামাতা, শিক্ষক, সহকর্মী, প্রিন্সিপ্যাল, কম্যুনিটি সদস্য - একজন বর্তমান এনওয়াইসি ডিওই অথবা চার্টার স্কুল শিক্ষকের জন্য **১৭ জানুয়ারি, ২০১৪** তারিখের মধ্যে মনোনয়ন জমা দিতে পারেন। কোন শিক্ষককে মনোনয়ন দিতে অনুগ্রহ করে আমাদের ওয়েবপেজ http://schools.nyc.gov/bigappleawards দেখুন।
- প্রাথমিক পর্যালোচনার পর, মনোনীতদের একটি নির্বাচিত দলকে আরও একটি পূর্ণাঙ্গ আবেদনের আমন্ত্রণ জানানো হবে।
- সেমি-ফাইনালে যারা উত্তীর্ণ হবেন তাদের ইন্টারভিউ করা হবে; যারা ফাইনালে যাবেন তাদের ক্লাসে পরিদর্শন করা হবে।
- মোট ১০ জন বিগ অ্যাপেল পুরস্কার প্রাপ্তদের নাম ঘোষণা করা হবে এবং জুনে একটি অনুষ্ঠানের মাধ্যমে তাদেরকে শ্রদ্ধা জানানো হবে।
- পুরস্কার প্রাপ্তগণ তাদের শিক্ষার্থী এবং স্কুলের জন্য ক্লাসরুম অনুদান লাভ করবেন। ২০১৪-১৫ স্কুল বছরে সিটিওয়াইড দূত হিশেবে কাজ করার পাশাপাশি বিগ অ্যাপেল পুরস্কার প্রাপ্তগণ তাদের ক্লাসরুমও চালিয়ে যাবেন।

আরও তথ্যের জন্য অনুগ্রহ করে http://schools.nyc.gov/bigappleawards সাইটে আমাদের ওয়েবপেজ দেখুন অথবা teacherexcellence@schools.nyc.gov সাইটে গিয়ে বিগ অ্যাপেল অ্যাওয়ার্ড প্রোগ্রাম টিম খুঁজে নিন।

NYC Department of Education
Dennis M. Walcott, Chancellor

BIG APPLE AWARDS
Recognizing Teacher Excellence in New York City

FUND FOR PUBLIC SCHOOLS